

স্মারক নং- ৩৭.২০.০০০০.০০১.১৮.০১৪.১৩(পাট-২)

১০৬৫১ (ঘ)


তারিখ: ২৮ বৈশাখ ১৪২৯  
১১ মে ২০২২

**বিষয়: ব্যানবেইস ভবনের পুনঃ সংস্কারকৃত দ্বিতীয় তলার উদ্বোধন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিগত ০২ ফেব্রুয়ারি ২০২২ বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এর পুনঃ সংস্কারকৃত দ্বিতীয় তলায় আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু হয়। ব্যানবেইস মহাপরিচালক জনাব হাবিবুর রহমান পুনঃ সংস্কারকৃত অংশের শুভ উদ্ভাবন করেন। ব্যানবেইস এর বিভাগীয় প্রধানগণসহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এসময় উপস্থিত ছিলেন। ব্যানবেইসের ডকুমেন্টেশন, লাইব্রেরী ও পাবলিকেশন বিভাগ এবং প্রশাসন বিভাগের একাংশ পুনঃ সংস্কারকৃত দ্বিতীয় তলায় স্থানান্তর করা হয়।

ব্যানবেইস এর মহাপরিচালক বলেন, সেবা গ্রহীতাগণকে প্রদত্ত সেবার মানোন্নয়নের জন্য কর্ম-পরিবেশের উন্নয়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি নিয়ামক। সুন্দর কর্মপরিবেশ নিশ্চিত করা সম্ভব হলে কর্মকর্তা-কর্মচারীদের কর্মস্পৃহা বৃদ্ধি পায়, এতে করে সেবাগ্রহীতাগণ উন্নত সেবা লাভ করেন। সেই উদ্দেশ্যকে সামনে রেখেই ব্যানবেইস ভবনের দ্বিতীয় তলা সংস্কার করা হয়েছে। উন্নত কর্মপরিবেশ নিশ্চিতকরণের স্বার্থে এরূপ কার্যক্রম অব্যাহত থাকবে। তিনি পুনঃ সংস্কারকৃত অংশটি ঘুরে দেখেন এবং এর পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন।

পরিশেষে তিনি সকলের জন্য শুভকামনা ও উন্নত কর্মপরিবেশে সেবাগ্রহীতাদের উন্নত সেবা প্রদানের আশাবাদ ব্যক্ত করে পুনঃ সংস্কারকৃত দ্বিতীয় তলায় আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করেন।




১০৬৫১

১০

১০

সংস্কারের পূর্বে



সংস্কারের পরে



11.05.21

নূর মোহাম্মদ  
পরিসংখ্যান কর্মকর্তা  
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো  
ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়

স্বাক্ষর

মো: কায়ছার রহমান  
পরিচালক  
বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)  
ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাক্ষর

হাবিবুর রহমান  
সহ-পরিচালক  
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো  
শিক্ষা মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার